

রাজশাহী বিশ্ববিদ্যালয়
গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান
বিভাগের প্রশ্নপত্র
ফাঁসের অভিযোগ

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২৭শে এপ্রিল (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।- রাজশাহী বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের অনার্স প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ পাওয়া গেছে।

এর প্রতিবাদে ছাত্রদল আজ সন্ধ্যায় ক্যাম্পাসে বিক্ষোভ করেছে। পরে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাবের সামনে ছাত্রদল নেতৃবৃন্দ সমাবেশে আজ বিকেলে অনুষ্ঠিত ঐ বিভাগের ভর্তি পরীক্ষা বাতিল দাবি করে।

ছাত্রছাত্রীরা অভিযোগে জানায়, গতকাল রাত থেকেই আবাসিক হলগুলোতে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগের ভর্তি পরীক্ষার হাতে লেখা প্রশ্ন ৫শ' থেকে ৭শ' টাকায় বিক্রি হয়। হাতে লেখা ঐ প্রশ্নের সাথে মূল প্রশ্নপত্রের শতকরা ৯০ ভাগ প্রশ্নের হুবহু মিল পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয়ের প্রিন্ট অধ্যাপক মোখলেসুর রহমানের সাথে যোগাযোগ করা হলে তিনি 'সংবাদ'কে জানান : প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।